# ভোটার হিসেবে নিবন্ধন করুন

লন্ডনবাসী, প্রথমেই নিশ্চিত করুন যে আপনি ভোটার হিসেবে নিবন্ধন করেছেন কিনা। এটি করতে মাত্র কয়েক মিনিট সময় ব্যয় হয়। এর জন্য আপনাকে www.gov.uk/register-to-vote এখানে যেতে হবে

এখানে নিবন্ধন করুন!

নিবন্ধনের জন্য আপনার বয়স অবশ্যই কমপক্ষে 16 বছর বা তার বেশি হতে হবে।
আপনি ভোটার হিসেবে নিবন্ধন করতে পারবেন, আপনি যদি:

- একজন ব্রিটিশ নাগরিক বা আইরিশ নাগরিক হন
- যোগ্য কমনওয়েলথ নাগরিক হন
- যোগ্য EU নাগরিক: ডেনমার্ক, লুক্সেমবার্গ, পোল্যান্ড, পর্তুগাল, বা স্পেন এর নাগরিক হন
- স্থায়ী অধিকারপ্রাপ্ত EU নাগরিক: অন্য কোনো EU দেশের নাগরিক যারা 2020 সালের 31শে ডিসেম্বর থেকে UK তে প্রবেশ বা থাকার অনুমতি পেয়েছেন এবং এটি নিরবচ্ছিন্নভাবে অব্যাহত রয়েছে।

## লন্ডনে তিন ধরনের নির্বাচন হয়:



লন্ডনের মেয়র এবং লন্ডন অ্যাসেম্বলি নির্বাচন



সাধারণ/সংসদীয় নির্বাচন



স্থানীয়/বরো নির্বাচন

ব্রিটিশ, আইরিশ এবং যোগ্য কমনওয়েলথ নাগরিকরা লন্ডনের মেয়র/লন্ডন অ্যাসেম্বলি নির্বাচন, সাধারণ/সংসদীয় নির্বাচন এবং স্থানীয়/বরো নির্বাচনে ভোট দেওয়ার জন্য যোগ্য।

যোগ্য EU নাগরিক বা 18 বছরের বেশি বয়সী স্থায়ী অধিকারপ্রাপ্ত EU নাগরিকরা শুধুমাত্র লন্ডনের মেয়র/লন্ডন অ্যাসেম্বলি এবং স্থানীয়/বোরো নির্বাচনে ভোট দেওয়ার জন্য যোগ্য।

# গ্রহণযোগ্য ফটো আইডির ধরণ

ভোটকেন্দ্রে সশরীরে ভোট দেওয়ার জন্য কয়েক ধরণের গৃহীত ফটো আইডি রয়েছে।
এখানে কয়েকটি উদাহরণ দেওয়া হলো:

- UK, চ্যানেল আইল্যান্ডস বা EEA ড্রাইভিং লাইসেন্স
- UK, কমনওয়েলথ বা EEA পাসপোর্ট
- কোনো EEA রাষ্ট্র কর্তৃক ইস্যুকৃত জাতীয় পরিচয়পত্র
- বায়োমেট্রিক ইমিগ্রেশন ডকুমেন্ট (ই-ভিসা সহ)
- ব্লু ব্যাজ স্কিম কার্ড
- 60+ অয়স্টার ফটোকার্ড বা ফ্রিডম পাস
- প্রুফ অফ এজ স্ট্যান্ডার্ডস স্কিম হলোগ্রাম সহ পরিচয়পত্র (একটি PASS কার্ড)
- মিনিস্ট্রি অফ ডিফেন্স ফর্ম 90 (ডিফেন্স আইডেন্টিটি কার্ড) এবং মিনিস্ট্রি অফ ডিফেন্স ফর্ম 100 (HM আর্মড ফোর্সেস ভেটেরান কার্ড)

আপনার কাছে যদি ভোট দেওয়ার জন্য এই গৃহীত ফটো আইডি গুলোর একটিও না থাকে, তাহলে আপনি বিনামূল্যে একটি ভোটার অথরিটি সার্টিফিকেট এর জন্য

www.gov.uk/apply-for-photo-id-voter-authority-certificate

এখানে আবেদন করুন!